রেজিষ্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, মে ২০, ১৯৯৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শ্রম ও জনশক্তি মন্ত্রণালয়

শাখা-৫

প্রজ্ঞাপন

তারিখ, ২০শে মে ১৯৯৭/৬ই জ্যৈষ্ঠ ১৪০৪

এস, আর, ও, নং ১১৭-আইন/৯৭--গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্মকমিশনের সহিত পরামর্শক্রমে এবং এতদসংক্রান্ত সকল প্রচলিত বিধিমালা বাতিলক্রমে নিম্নবর্ণিত বিধিমালা প্রণয়ন করিলেন, যথা :

১। সংক্ষিপ্ত শিরনামা—এই বিধিমালা শ্রম পরিদপ্তর, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন পরিদপ্তর, নিম্নতম মজুরী বোর্ড, শ্রম আদালত এবং শ্রম আপীল আদালত (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ১৯৯৬ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা--বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে এই বিধিমালায়,--

(ক) "কমিশন" অর্থ বাংলদেশ সরকারী কর্মকমিশন;

(খ) "তফসিল" অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল,



মূল্য : টাকা ৬.০০

(গ) "ডিগ্রী" বা "ডিপ্লোমা" বা "সার্টিফিকেট" অর্থ, ক্ষেত্রমত, স্বীকৃত বিশ্ববিদ্যালয়, স্বীকৃত প্রতিষ্ঠান, স্বীকৃত ইনষ্টিটিউট, স্বীকৃত বোর্ড কর্তৃক প্রদত্ত ডিগ্রী, ডিপ্লোমা বা শিক্ষাগত যোগ্যতা নির্দেশক সার্টিফিকেট এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরনকল্পে, সরকার কর্তৃক স্বীকৃত উক্ত ডিগ্রী বা ডিপ্লোমা সার্টিফিকেটের সমমানের শিক্ষাগত যোগ্যতাও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(ঘ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ সরকার বা কোন পদে নিয়োগের ব্যাপারে, সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত যে কোন কর্মকর্তা;

(ঙ) "পদ" অর্থ তফসিলের উল্লিখিত কোন পদ;

(চ) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ সংশ্লিষ্ট পদের জন্য তফসিলে উল্লিখিত যোগ্যতা;

(ছ) "শিক্ষানবিস" অর্থ কোন পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি;

(জ) "স্বীকৃত বিশ্ববিদ্যালয়" "স্বীকৃত বোর্ড" বা "স্বীকৃত ইনষ্টিটিউট" অর্থ আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা অধীন প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয়, শিক্ষা বোর্ড বা ইনষ্টিটিউট এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয়, শিক্ষা বোর্ড বা ইনষ্টিটিউটও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। নিয়োগ পদ্ধতি: (১) তফসিলের বিধানাবলী সাপেক্ষে, কোন পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগ করা হইবে, যথা:

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে এবং;

(গ) প্রেষণে বদলীর মাধ্যমে।

(২) যদি কোন ব্যক্তির প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং, কোন পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে যদি তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়ঃ সীমার মধ্যে না হয়। তবে উক্ত ব্যক্তিকে নিয়োগ করা যাইবে না:

তবে শর্ত থাকে যে, কোন ব্যক্তিকে এডহক ভিত্তিতে কোন পদে নিয়োগ করা হইয়া থাকিলে তিনি অব্যাহতভাবে যে মেয়াদের জন্য উক্ত পদে অধিষ্ঠিত রহিয়াছেন সেই মেয়াদের জন্য, তাহার ক্ষেত্রে, উক্ত বয়ঃ সীমায় শিথিল করা যাইবে।

৪। সরাসরি নিয়োগ (১) Bangladesh Public Service Commission (Consultation) Regulations, 1979 এর বিধানাবলী সাপেক্ষে, কমিশনের আওতাভুক্ত পদে কমিশনের এবং কমিশনের আওতা বহির্ভুত পদে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক এতদুদ্দেশ্যে গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না;

(২) কোন ব্যক্তি কোন পদে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি--

(ক) বাংলাদেশের নাগরিক না হন অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন অথবা বাংলাদেশে ডমিসাইলড (domiciled) না হন, এবং

(খ) বাংলাদেশের নাগরিক নহেন এমন কোন ব্যক্তিকে বিবাহ করিয়া থাকেন অথবা বিবাহ করিতে প্রতিশ্রুতিবদ্ধ হইয়া থাকেন।

(৩) কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিক্যাল বোর্ড অথবা ক্ষেত্রমত, তৎকর্তৃক মনোনীত কোন মেডিক্যাল অফিসার এই মর্মে প্রত্যায়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে উক্ত পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন বৈকল্যে ভুগিতেছেন না যাহা উক্ত পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে ;

(খ) এইরূপ বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে তদন্ত না হইয়া থাকে এবং তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিয়োগের জন্য তিনি উপযুক্ত নহেন।

(৪) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা যাইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন বা উপ-বিধি (১) এ উল্লিখিত বাছাই কমিটি কর্তৃক দরখাস্ত আহবানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসহ যথাযথ ফরমে ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত না করেন; এবং

(খ) সরকার বা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকেন, তবে স্বীয় উর্দ্ধতন কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত না করেন।

৫। পদোন্নতির মাধ্যমে নিয়োগ।—(১) মেধা ও জ্যেষ্ঠতার ভিত্তিতে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বিভাগীয় পদোন্নতি কমিটির সুপারিশ অনুসারে পদোন্নতির মাধ্যমে কোন পদে নিয়োগ করা যাইবে :

তবে শর্ত থাকে যে, কমিশনের সুপারিশ ব্যতীত নিম্নতর শ্রেণীর কোন পদ হইতে উচ্চতর শ্রেণীর কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে না।

(২) যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হয়, তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবে না।

৬। শিক্ষানবিসি—(১) কোন স্থায়ী শূন্য পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিসরূপে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, নিয়োগের তারিখ হইতে দুই বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, নিয়োগের তারিখ হইতে এক বৎসরের জন্য, নিয়োগ করা হইবে :

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিসি মেয়াদ এক বা একাধিকবার এইরূপে সম্প্রসারণ করিতে পারিবে যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসি মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার আচরণ ও কাজকর্ম সন্তোষজনক নহে কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই সেইক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ,--

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবে; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, যে পদ হইতে তাহাকে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৩) বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ শিক্ষানবিসি মেয়াদ সম্পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, শিক্ষানবিসরূপে নিযুক্ত থাকাকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কাজকর্ম সন্তোষজনক ছিল, তবে, উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকুরীতে স্থায়ী করিবে; এবং

(খ) যদি এইরূপ অভিমত পোষণ করে যে, উক্ত মেয়াদ চলাকালে তাহার আচরণ ও কাজকর্ম সন্তোষজনক ছিল না বা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই, তবে--

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবে ; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, যে পদ হইতে তাহাকে পদোন্নতি দেওয়া হইয়াছিল সে পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৪) কোন শিক্ষানবিসকে কোন পদে স্থায়ী করা হইবেনা, যতদিন না সরকারী আদেশ দ্বারা, সময় সময়, যে বিভাগীয় পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সে পরীক্ষায় পাশ না করেন ও সফলভাবে প্রশিক্ষণ গ্রহণ না করেন।

৭। কতিপয় পদ পরস্পর বদলীযোগ্য—এই বিধিমালার তফসিলসহ অন্য কোন বিধানে যাহা কিছু থাকুকনা কেন--

(ক) তফসিলের 'ক' অংশের ক্রমিক নং ৪ এবং 'খ' অংশের ক্রমিক নং ৪ এ উল্লিখিত পদের পদধারিগণ পরস্পর বদলীযোগ্য হইবেন;

(খ) তফসিলের 'ক' অংশের ক্রমিক নং ৫ ও ৬ এবং 'খ' অংশের ক্রমিক নং ৫ এ উল্লিখিত পদসমূহে সরাসরি নিযুক্ত ব্যক্তিগণ পরস্পর বদলীযোগ্য হইবেন ;

(গ) তফসিলের 'গ' অংশের ক্রমিক নং ২ এবং 'ঘ' অংশের ক্রমিক নং ২ এ উল্লিখিত পদধারীগণ পরস্পর বদলীযোগ্য হইবেন।

তফসিল

ক অংশ

শ্রম পরিদপ্তর।

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়ঃসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | শ্রম পরিচালক | .. | (ক) নিম্ন বর্ণিত পদধারীগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে:<br>(১) অতিরিক্ত শ্রম পরিচালক, এবং<br>(২) প্রধান পরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন পরিদপ্তর।<br>(খ) পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে। | এক বা একাধিক ফিডার পদে ৩ বৎসরের চাকুরীসহ ১ম শ্রেণীর পদে মোট ১৫ বৎসরের চাকুরী। |
| ২ | অতিরিক্ত শ্রম পরিচালক | .. | নিম্ন বর্ণিত পদধারীগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে:<br>(১) যুগ্ম শ্রম পরিচালক,<br>(২) উপ-প্রধান পরিদর্শক (মেডিক্যেল),<br>(৩) কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন পরিদপ্তর, এবং<br>(৪) উপ-প্রধান পরিদর্শক (প্রকৌশল) কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন পরিদপ্তর। | এক বা একাধিক ফিডার পদে ৩ (তিন) বৎসরের চাকুরী। |

| ১ | ২ | ৩ | ৫ |
|---|---|---|---|
| ৩ | যুগ্ম শ্রম পরিচালক .. | নিম্ন বর্ণিত পদধারীগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে:<br>(১) উপ-শ্রম পরিচালক,<br>(২) প্রকল্প পরিচালক;<br>(৩) অধ্যক্ষ, শিল্প সম্পর্ক শিক্ষায়তন; এবং<br>(৪) উপ-প্রধান পরিদর্শক (সাধারণ), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন পরিদপ্তর। | এক বা একাধিক ফিডার পদে ৩ (তিন) বৎসরের চাকুরী। |
| ৪ | উপ-শ্রম পরিচালক/প্রকল্প পরিচালক/অধ্যক্ষ, শিল্প সম্পর্ক শিক্ষায়তন। .. | নিম্ন বর্ণিত পদধারীগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে:<br>(১) সহকারী শ্রম পরিচালক;<br>(২) অডিও ভিজুয়েল অফিসার;<br>(৩) গবেষণা কর্মকর্তা;<br>(৪) প্রভাষক, শিল্প সম্পর্ক শিক্ষায়তন;<br>(৫) সহকারী প্রধান পরিদর্শক (সাধারণ) কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন পরিদপ্তর;<br>(৬) রেজিষ্ট্রার, শ্রম আদালত;<br>(৭) রেজিষ্ট্রার শ্রম আপীল আদালত; এবং<br>(৮) সেক্রেটারী, নিম্নতম মজুরী বোর্ড; | এক বা একাধিক ফিডার পদে ৪ বৎসরের চাকুরী; এবং বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫ | সহকারী শ্রম পরিচালক | অনূর্ধ ৩০ বৎসর | (ক) ৪৫% নিম্ন বর্ণিত পদধারীদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে:<br>(১) প্রশাসনিক কর্মকর্তা;<br>(২) জনসংখ্যা ও পরিবার কল্যাণ কর্মকর্তা;<br>(৩) ভাণ্ডার কর্মকর্তা;<br>(খ) ২০% শ্রম অফিসার পদধারীগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে; এবং<br>(গ) ৩৫% সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে<br>১। প্রশাসনিক কর্মকর্তা পদধারীগণের ক্ষেত্রে উক্ত পদে ৩ বৎসরের চাকুরী;<br>২। জনসংখ্যা ও পরিবার কল্যাণ কর্মকর্তা ও ভাণ্ডার কর্মকর্তা পদধারীগণের ক্ষেত্রে উক্ত পদসমূহের এক বা একাধিক পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।<br>৩। শ্রম-অফিসার পদধারীগণের ক্ষেত্রে উক্ত পদে ৬ (ছয়) বৎসরের চাকুরী<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে<br>১ম শ্রেণীর স্নাতকোত্তর বা ২য় শ্রেণীর সম্মানসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। |
| ৬ | প্রভাষক, শিল্প সম্পর্ক শিক্ষায়তন | অনূর্ধ ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | ১ম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা ২য় শ্রেণীর সম্মানসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। |
| ৭ | গবেষণা কর্মকর্তা | ঐ | (ক) ৫০% গবেষণা সহকারী পদধারীগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে<br>(ক) ফিডার পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে<br>(খ) অর্থনীতি, পরিসংখ্যান, সমাজ বিজ্ঞান, মনোবিজ্ঞান, সমাজ কল্যাণ, রাষ্ট্র বিজ্ঞান, লোক প্রশাসন বা ব্যবস্থাপনায় ১ম শ্রেণীর স্নাত- |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | কোত্তর ডিগ্রী বা ২য় শ্রেণীর সম্মানসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। |
| ৮ | লাইব্রেরীয়ান (১ম শ্রেণী) | .. | লাইব্রেরীয়ান (২য় শ্রেণী) পদধারীগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে ৩ (তিন) বৎসরের চাকুরী। |
| ৯ | অডিওভিজুয়েল অফিসার | অনূর্ধ ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | গণযোগাযোগ ও সাংবাদিকতা বিষয়ে ১ম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা ২য় শ্রেণীর সম্মানসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। |
| ১০ | অডিওভিজুয়েল আর্টিষ্ট | ঐ | (ক) ৫০% আর্টিষ্ট পদধারীগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে, এবং<br>(খ) ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে ফিডার পদে ৩ (তিন) বৎসরের চাকুরী।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে চারুকলায় ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা ২য় শ্রেণীর সম্মানসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। |
| ১১ | মেডিক্যাল অফিসার | ঐ | সরাসরি নিয়োগের মাধ্যমে অথবা প্রেষণে বদলীর মাধ্যমে। | এম, বি, বি, এস, ডিগ্রী। |
| ১২ | প্রশাসনিক কর্মকর্তা | | প্রধান সহকারী এবং সাঁটলিপিকার পদধারী-গণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | এক বা একাধিক ফিডার পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |

| | | | |
|---|---|---|---|
| ১৩ লাইব্রেরীয়ান (২য় শ্রেণী) | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) ৩৪% লাইব্রেরীয়ান সহকারী পদধারীগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৬৬% সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে: ফিডার পদে ৫ (পাচ) বৎসরের চাকুরী।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে: গ্রন্থাগার বিজ্ঞানে স্নাতকোত্তর ডিগ্রী। |
| ১৪ আর্টিষ্ট | ঐ | সরাসরি নিয়োগের মাধ্যমে। | চারুকলায় স্নাতক ডিগ্রী। |
| ১৫ জনসংখ্যা ও পরিবার কল্যাণ কর্মকর্তা। | ঐ | (ক) ৩৪% নিম্ন বর্ণিত পদধারীগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে:<br>(১) শ্রম অফিসার;<br>(২) গবেষণা সহকারী;<br>(৩) প্রধান সহকারী;<br>(৪) পরিসংখ্যান সহকারী;<br>(৫) সাঁটলিপিকার; এবং<br>(৬) পরিবার কল্যাণ পরিদর্শিকা।<br>(খ) ৬৬% সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতি ক্ষেত্রে:<br>(১) শ্রম অফিসার বা গবেষণা সহকারী পদধারীগণের ক্ষেত্রে উক্ত পদসমূহের এক বা একাধিক পদে ৩ (তিন) বৎসরের চাকুরী; এবং<br>(২) প্রধান সহকারী, পরিসংখ্যান সহকারী, পরিবার কল্যাণ পরিদর্শিকা এবং সাঁটলিপিকার পদধারীগণের ক্ষেত্রে উক্ত পদসমূহে এক বা একাধিক পদে ৫(পাচ) বৎসরের চাকুরী।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে স্নাতক ডিগ্রী। |
| ১৬ ভাণ্ডার কর্মকর্তা | .. | প্রধান সহকারী পদধারীগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে ৪ (চার) বৎসরের চাকুরী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৪ |
|---|---|---|---|---|
| ১৭ | শ্রম অফিসার | অনুর্ধ্ব ৩০ বৎসর | (ক) ৫০% নিম্ন বর্ণিত পদধারীগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে :<br>(১) সাঁটলিপিকার;<br>(২) শ্রম কল্যাণ সংগঠক;<br>(৩) উচ্চমান সহকারী;<br>(৪) হিসাব রক্ষক; এবং<br>(৫) ক্যাশিয়ার; এবং<br>(খ) ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে :<br>সাঁটলিপিকার পদধারীগণের ক্ষেত্রে উক্ত পদে ৩(তিন) বৎসরের চাকুরী এবং শ্রম কল্যাণ সংগঠক, উচ্চমান সহকারী, হিসাব রক্ষক এবং ক্যাশিয়ার পদধারীগণের ক্ষেত্রে উক্ত পদসমূহের এক বা একাধিক পদে ৫(পাঁচ) বৎসরের চাকুরী।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে স্নাতক ডিগ্রী। |
| ১৮ | গবেষণা সহকারী | .. | (ক) ৫০% পরিসংখ্যান সহকারী পদধারীগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে ; এবং<br>(খ) ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে :<br>ফিডার পদে ৩(তিন) বৎসরের চাকুরী।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে :<br>অর্থনীতি বা পরিসংখ্যান বা সমাজ বিজ্ঞান বা সমাজ কল্যাণ বা রাষ্ট্রবিজ্ঞানসহ স্নাতক ডিগ্রী। এক বা একাধিক ফিডার পদে ৩(তিন) বৎসরের চাকুরী। |
| ১৯ | প্রধান সহকারী | ঐ | উচ্চমান সহকারী, হিসাব রক্ষক এবং ক্যাশিয়ার পদধারীগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে :<br>এক বা একাধিক ফিডার পদে ৩(তিন) বৎসরের চাকুরী। |
| ২০ | পরিসংখ্যান সহকারী | অনুর্ধ্ব ৩০ বৎসর | (ক) ৩৪% উচ্চমান সহকারী, হিসাব রক্ষক এবং ক্যাশিয়ার পদধারীগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৬৬% সরাসরি নিয়োগের মাধ্যমে। | (খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে :<br>পরিসংখ্যান বা অর্থনীতি বা গণিতসহ স্নাতক ডিগ্রী। |

| | | | | |
|---|---|---|---|---|
| ২১ | সাঁটলিপিকার | | Stenographers and Stenotypists (Ministries/Divisions and Attached Departments) Recruitment Rules, 1978 অনুযায়ী। | |
| ২২ | সাঁট মুদ্রাক্ষরিক | | উপরি-উক্ত Rules অনুযায়ী। | |
| ২৩ | উচ্চমান সহকারী | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) ৩৪% নিম্নমান সহকারী তথা মুদ্রাক্ষরিক, হিসাব করণিক ও কেয়ার টেকার পদধারীগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৬৬% সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে: এক বা একাধিক ফিডার পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে: স্নাতক ডিগ্রী। |
| ২৪ | হিসাব রক্ষক/ক্যাশিয়ার | ঐ | (ক) ৭৫% হিসাব করণিক ও নিম্নমান সহকারী তথা মুদ্রাক্ষরিক পদধারীগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ২৫% সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে: এক বা একাধিক ফিডার পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে: বাণিজ্যে স্নাতক ডিগ্রী। |
| ২৫ | শ্রম কল্যাণ সংগঠক | ঐ | (ক) ২৫% নিম্নমান সহকারী তথা-মুদ্রাক্ষরিক ও হিসাব করণিক পদধারীগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৭৫% সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে: ফিডার পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে: স্নাতক ডিগ্রী। |
| ২৬ | ল্যাবরেটরী সহকারী | ঐ | সরাসরি নিয়োগের মাধ্যমে। | বিজ্ঞানে স্নাতক ডিগ্রী এবং প্রাথমিক ক্যান ল্যাবরেটরীতে কাজ করার অভিজ্ঞতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ২৭ | লাইব্রেরী সহকারী | অনুর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | স্নাতক ডিগ্রীসহ লাইব্রেরী সায়েন্সে ডিপ্লোমা। |
| ২৮ | অডিও-ভিজুয়েল অপারেটর | ঐ | সাইন অপারেটর পদধারীগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে ৫ (পাচ) বৎসরের চাকুরী। |
| ২৯ | নিম্নমান সহকারী-কাম-মুদ্রাক্ষরিক। | Lower Division Assistant-cum-Typist, Plain paper Copier, Duplicating Machine Operator, Daptary, Despatch Rider and M. L. S. S. (Ministries/Divisions and Attached Departments) Recruitment Rules, 1985 অনুযায়ী। | | |
| ৩০ | হিসাব করণিক | ঐ | সরাসরি নিয়োগের মাধ্যমে। | বাণিজ্যে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ এবং প্রয়োজনীয় জামানত প্রদান করিতে হইবে। |
| ৩১ | নার্স (পুরুষ/মহিলা) | ঐ | ঐ | নার্সিং কোর্সে সার্টিফিকেটধারী। |
| ৩২ | কম্পাউণ্ডার-কাম-ড্রেসার | ঐ | ঐ | কম্পাউণ্ডারশীপ কোর্স সার্টিফিকেটধারী। |
| ৩৩ | পরিবার কল্যাণ পরিদর্শিকা | ঐ | ঐ | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ এবং পরিবার কল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণ ইনষ্টিটিউট হইতে সংশ্লিষ্ট বিষয়ে সার্টিফিকেট থাকিতে হইবে। |

| | | | |
|---|---|---|---|
| ৩৪ কেয়ারটেকার | ঐ | ঐ | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং ভবন রক্ষণাবেক্ষণ, পয়ঃ প্রণালী ও পানি সরবরাহ ব্যবস্থা সম্পর্কে সম্যকজ্ঞানসম্পন্ন হইতে হইবে। |
| ৩৫ গাড়ী চালক | ঐ | ঐ | ৮ম শ্রেণী পাস এবং বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ ক্ষেত্রমত হালকা বা ভারী যানবাহন চালনায় অভিজ্ঞতাসম্পন্ন। |
| ৩৬ লাইন অপারেটর | ঐ | ঐ | সিনেমাটোগ্রাফ লাইসেন্সসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং জ্বালানী তৈল দ্বারা চালিত ইঞ্জিন, বিদ্যুৎ উৎপাদক জেনারেটর প্রজেক্টর এবং প্রজেক্টর মেশিন চালনা, রক্ষণাবেক্ষণও মেরামতের জ্ঞানসম্পন্ন। |
| ৩৭ স্পীড বোট ড্রাইভার | | | বৈধ লাইসেন্সসহ অষ্টম শ্রেণী পাস। |
| ৩৮ গেসটেটনার অপারেটর/ ডুপ্লিকেটিং মেশিন অপারেটর। | Lower Division Assistant-Cum-Typist, Plain Paper Copier, Duplicating Machine Operator, Daptary, Despatch Rider and M. L. S. S. (Ministries/Divisions and Attached Departments) Recruitment Rules, 1985 অনুযায়ী। | | |
| ৩৯ লিফটম্যান | অনুর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | ৮ম শ্রেণী পাসসহ ইলেকট্রিশিয়ান বোর্ডে সার্টিফিকেটধারী। লিফট চালনা ও রক্ষণাবেক্ষণ কাজে ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৪০ | দপ্তরী | | Lower Division Assistant-cum-Typist, Plain Paper Copier, Duplicating Machine Operator, Daptary, Despatch Rider and M. L. S. S. (Ministries/Divisions and Attached Departments) Recruitment Rules, 1985 অনুযায়ী। | |
| ৪১ | এম,এল,এস,এস/দারোয়ান/গার্ড/মালী/নাইটগার্ড। | উপরিউক্ত Rules অনুযায়ী। | | |
| ৪২ | ডিসপেনসারী এটেনডেন্ট | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | ৮ম শ্রেণী পাস |
| ৪৩ | এটেনডেন্ট/আয়া | ঐ | ঐ | ৮ম শ্রেণী পাস। |
| ৪৪ | কুক | ঐ | ঐ | ৮ম শ্রেণী পাস এবং রন্ধন প্রণালী ও খাদ্য প্রস্তুত সম্পর্কে বাস্তব অভিজ্ঞতা-সম্পন্ন হইতে হইবে। |
| ৪৫ | সুইপার/সুইপার-কাম-মালী | ঐ | ঐ | ৮ম শ্রেণী পাস। পেশাদার সুইপার শ্রেণীর প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |

তফসিল

(খ-অংশ)

কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন পরিদপ্তর

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়ঃসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | প্রধান পরিদর্শক | .. | নিম্ন বর্ণিত পদধারীগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে :<br>(১) উপ-প্রধান পরিদর্শক (মেডিক্যাল);<br>(২) উপ-প্রধান পরিদর্শক (প্রকৌশল); এবং<br>(৩) যুগ্ম শ্রম পরিচালক, শ্রম পরিদপ্তর। | এক বা একাধিক ফিডার পদে ৩ (তিন) বৎসরের চাকুরী। |
| ২ | উপ-প্রধান পরিদর্শক(মেডিকেল) | .. | নিম্ন বর্ণিত পদধারীগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে :<br>(১) পরিদর্শক (মেডিকেল) ; এবং<br>(২) মেডিকেল অফিসার, শ্রম পরিদপ্তর। | এক বা একাধিক ফিডার পদে ৭ (সাত) বৎসরের চাকুরী। |
| ৩ | উপ-প্রধান পরিদর্শক (প্রকৌশল) | .. | পরিদর্শক (প্রকৌশল) পদধারীগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে ৭ (সাত) বৎসরের চাকুরী। |
| ৪ | উপ-প্রধান পরিদর্শক (সাধারণ) | .. | নিম্নবর্ণিত পদধারীগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে :<br>(১) সহকারী প্রধান পরিদর্শক (সাধারণ);<br>(২) পরিদর্শক (মেডিকেল);<br>(৩) পরিদর্শক (প্রকৌশল);<br>(৪) সহকারী শ্রম পরিচালক, শ্রম পরিদপ্তর; এবং<br>(৫) প্রভাষক, শিল্প সম্পর্ক শিক্ষায়তন, শ্রম পরিদপ্তর। | এক বা একাধিক ফিডার পদে ৩ (তিন) বৎসরের চাকুরী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৫ | সহকারী প্রধান পরিদর্শক(সাঃ) | অনুর্ধ্ব ৩০ বৎসর | (ক) ৫০% নিম্ন বর্ণিত পদধারীগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে :<br>(১) প্রশাসনিক কর্মকর্তা;<br>(২) পরিদর্শক (স্থায়ী আদেশ); এবং<br>(৩) শ্রম পরিদর্শক (সাধারণ)। | (ক) পদোন্নতির ক্ষেত্রে :<br>প্রশাসনিক কর্মকর্তা পদধারীগণের ক্ষেত্রে ৩ (তিন) বৎসরের চাকুরী এবং পরিদর্শক (স্থায়ী আদেশ) এবং শ্রম পরিদর্শক (সাধারণ) পদধারীগণের ক্ষেত্রে উক্ত পদসমূহে এক বা একাধিক পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| | | | (খ) ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে। | (খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে :<br>১ম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। |
| ৬ | পরিদর্শক (মেডিকেল) | ঐ | (ক) ৫০% সহকারী পরিদর্শক (মেডিকেল) পদধারীগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে ; এবং | (ক) পদোন্নতির ক্ষেত্রে :<br>ফিডার পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| | | | (খ) ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে। | (খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে এম, বি, বি, এস, ডিগ্রী। |
| ৭ | পরিদর্শক (প্রকৌশল) | ঐ | (ক) ৫০% নিম্ন বর্ণিত পদধারীগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে :<br>(১) ডক শ্রমিক নিরাপত্তা অফিসার; এবং<br>(২) সহকারী পরিদর্শক (প্রকৌশল)। | (ক) পদোন্নতির ক্ষেত্রে :<br>ডক শ্রমিক নিরাপত্তা অফিসার পদধারীগণের ক্ষেত্রে উক্ত পদে ৩(তিন) বৎসরের চাকুরী এবং সহকারী পরিদর্শক (প্রকৌশল) পদধারীগণের ক্ষেত্রে উক্ত পদে ৫(পাঁচ) বৎসরের চাকুরী। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | (খ) ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে | (খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে: প্রকৌশলে স্নাতক ডিগ্রী। |
| ৮ | প্রশাসনিক কর্মকর্তা | ঐ | নিম্ন বর্ণিত পদধারীগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে:<br>(১) প্রধান সহকারী,<br>(২) সাঁটলিপিকার,<br>(৩) উচ্চমান সহকারী; এবং<br>(৪) হিসাব রক্ষক। | এক বা একাধিক ফিডার পদে ৩ (তিন) বৎসরের চাকুরী। |
| ৯ | ডক শ্রমিক নিরাপত্তা অফিসার | .. | সহকারী পরিদর্শক (প্রকৌশল) পদধারীগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে; | ফিডার পদে ৩ (তিন) বৎসরের চাকুরী। |
| ১০ | শ্রম পরিদর্শক (সাধারণ)। পরিদর্শক (স্থায়ী আদেশ) | .. | (ক) ৬৫% পদ দোকান ও প্রতিষ্ঠান পরিদর্শক পদধারীগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে; এবং | দোকান ও প্রতিষ্ঠান পরিদর্শক পদধারীগণের ক্ষেত্রে উক্ত পদে ৪ (চার) বৎসরের চাকুরী এবং প্রধান সহকারী সাঁটলিপিকার, পরিসংখ্যান সহকারী, উচ্চমান সহকারী; এবং হিসাব রক্ষক পদধারীগণের ক্ষেত্রে উক্ত পদসমূহের এক বা একাধিক পদে ৩ (তিন) বৎসরের চাকুরী। |
| | | | (খ) ৩৫% পদ নিম্নবর্ণিত পদধারীগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে:<br>(১) প্রধান সহকারী;<br>(২) সাঁটলিপিকার;<br>(৩) পরিসংখ্যান সহকারী;<br>(৪) উচ্চমান সহকারী;<br>(৫) হিসাব রক্ষক | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১১ | সহকারী পরিদর্শক (মেডিকেল) | অনূর্ধ ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | জীববিদ্যা বা রসায়ন বা বায়োকেমিষ্ট্রি বা ফার্মাসীসহ স্নাতক ডিগ্রী। |
| ১২ | সহকারী পরিদর্শক (প্রকৌশল) | ঐ | ঐ | মেকানিক্যাল বা ক্যামিক্যাল বা ইলেকট্রিক্যাল বা সিভিল বা পাওয়ার ইঞ্জিনিয়ারিং–এ ডিপ্লোমা। |
| ১৩ | পরিসংখ্যান সহকারী | ঐ | ঐ | গণিত বা অর্থনীতি বা পরিসংখ্যানসহ স্নাতক ডিগ্রী। |
| ১৪ | সাঁটলিপিকার | Stenographers and Stenotypists (Ministries/Divisions and Attached Department) Recruitment Rules, 1978 অনুযায়ী। | | |
| ১৫ | সাঁট-মুদ্রাক্ষরিক | | উপরি-উক্ত Rules অনুযায়ী। | |
| ১৬ | প্রধান সহকারী/উচ্চমান সহকারী। | অনূর্ধ ৩০ বৎসর | (ক) ৬৬% নিম্নমান সহকারী-কাম-মুদ্রাক্ষরিক পদধারীগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে ; এবং<br>(খ) ৩৪% সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে : ফিডার পদে ৫(পাঁচ) বৎসরের চাকুরী।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে : স্নাতক ডিগ্রী। |
| ১৭ | হিসাব রক্ষক | .. | নিম্নমান সহকারী–কাম-মুদ্রাক্ষরিক পদধারী-গণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮ | দোকান ও প্রতিষ্ঠান পরিদর্শক। | অনুর্ধ ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | স্নাতক ডিগ্রী। |
| ১৯ | নিম্নমান সহকারী-কাম-মুদ্রাক্ষরিক। | Lower Division Assistant-*cum*-Typist, Plain paper Copier, Duplicating-Machine Operator, Daftary, Despatch Rider and M. L. S. S. (Ministries/Division and Attached Depertments) Recruitment Rules, 1985 অনুযায়ী। | | |
| ২০ | গাড়ী চালক | অনুর্ধ ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | ৮ম শ্রেণী পাস এবং বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ, ক্ষেত্রমত, হালকা ও ভারী যানবাহন চালানোর অভিজ্ঞতাসম্পন্ন হইতে হইবে। |
| ২১ | এম, এল, এস, এস, পিয়ন/মালি/দারোয়ান। | Lower Division Assistant-*cum*-Typist, Plain paper Copier, Duplicating-Machine Operator, Daftary, Despatch Rider and M. L. S. S. (Ministries/Division and Attached Departments) Recruitment Rules, 1985. অনুযায়ী। | | |
| ২২ | সুইপার | অনুর্ধ ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | ৮ম শ্রেণী পাস। পেশাদার সুইপার শ্রেণীর প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |

তফসিল

(গ অংশ)

নিম্নতম মজুরী বোর্ড

| ক্রমিক নং। | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়ঃসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | সেক্রেটারী | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে অথবা প্রেষণে বদলীর মাধ্যমে। | সরাসরি নিয়োগের ক্ষেত্রে: ১ম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা ২য় শ্রেণীর সম্মানসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। |
| ২ | শাঁটলিপিকার | Stenographers and Stenotypists (Ministries/Divisions and Attache Departments) Recruitment Rules, 1978 অনুযায়ী। | | |
| ৩ | পরিসংখ্যান সহকারী | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | পরিসংখ্যান, অর্থনীতি, অংক, ভূগোল বা সমাজ বিজ্ঞানসহ স্নাতক ডিগ্রী। |
| ৪ | উচ্চমান সহকারী/প্রধান সহকারী। | .. | নিম্ন বর্ণিত পদধারীগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে:<br>(ক) হিসাব; এবং | (ক) হিসাব পদধারীগণের ক্ষেত্রে উক্ত পদে ৩ (তিন) বৎসরের চাকুরী; এবং |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | (খ) নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিক। | (খ) নিম্নমান সহকারী-কাম-মুদ্রাক্ষরিক পদধারীগণের ক্ষেত্রে উক্ত পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| ৫ | হিসাবক | অনুর্দ্ধ ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | বাণিজ্য উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৬ | নিম্নমান সহকারী-তথা—মুদ্রাক্ষরিক। | Lower Division Assistant-cum-Typist, Plain paper Copier, Duplicating Machine Operator, Daftary, Despatch Rider and M. L. S. S. (Ministries/Divisions and Attached Departments) Recruitment Rules, 1985 অনুযায়ী। | | |
| ৭ | গাড়ী চালক | অনুর্দ্ধ ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | ৮ম শ্রেণী পাশ। বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ, ক্ষেত্রমত, হালকা বা ভারী যানবাহন চালনায় অভিজ্ঞতাসম্পন্ন হইতে হইবে। |
| ৮ | এম, এল, এস, এস/অর্ডারলি/পিয়ন/দারোয়ান/নৈশ প্রহরী। | Lower Division Assistant-*cum*-Typist, Plain-paper Copier, Duplicating Machine Operator, Daftary, Despatch Rider and M. L. S. S. (Ministries/Divisions and Attached Departments) Recruit ment Rules, 1985 অনুযায়ী। | | |
| ৯ | সুইপার | অনুর্দ্ধ ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | ৮ম শ্রেণী পাশ। পেশাদার সুইপার শ্রেণীর প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |

তফসিল

(ঘ অংশ)

শ্রম আদালত ও শ্রম আপীল আদালত

| ক্রমিক নং। | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়ঃসীমা। | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | (ক) রেজিষ্ট্রার, শ্রম আদালত/<br>(খ) রেজিষ্ট্রার, শ্রম আপীল আদালত। | অনুর্দ্ধ ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | আইন বিষয়ে ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রি |
| ২ | সাঁটলিপিকার | | Stenographers and Stenotypits (Ministries, Divisions and Attached Departments) Recruitment Rules, 1978 অনুযায়ী। | |
| ৩ | সাঁট-মুদ্রাক্ষরিক | | উপরি-উক্ত Rules অনুযায়ী। | |
| ৪ | উচ্চমান সহকারী | .. | নিম্ন বর্ণিত পদধারীগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে:<br>(১) হিসাবরক্ষক-কাম-ক্যাশিয়ার,<br>(২) নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিক। | (১) হিসাবরক্ষক-কাম-ক্যাশিয়ার পদধারী-গণের ক্ষেত্রে উক্ত পদে ৩ (তিন) বৎসরের চাকুরী; এবং<br>(২) নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিক পদধারীগণের ক্ষেত্রে উক্ত পদে ৫(পাঁচ) বৎসরের চাকুরী। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫ | হিসাবরক্ষক-কাম-ক্যাশিয়ার | অনুর্দ্ধ ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | বাণিজ্য উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ। হিসাব রক্ষণাবেক্ষণ কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৬ | পেশকার (বেঞ্চ সহকারী) | ঐ | ঐ | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ কোন কোর্টে পেশকার হিসাবে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৭ | নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিক। | Lower Division Assistant-*cum*-Typist, Plain Paper Copier, Duplicating Machine Operator, Daftary Despatch Rider and M. L. S. S. (Ministries/Divisions and Attached Departments) Recruitment Rules, 1985 অনুযায়ী। | | |
| ৮ | প্রসেস সার্ভার | অনুর্দ্ধ ৩০ বৎসর | এম, এল, এস, এস পদধারীগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে এবং পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে: ফিডার পদে ৩ (তিন) বৎসরের চাকুরী। সরাসরি নিয়োগের ক্ষেত্রে: মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৯ | জমাদার | ঐ | ঐ | ঐ |
| ১০ | এম, এল, এস, এম/অর্ডারলি/পিয়ন/দারোয়ান/নাইট গার্ড। | Lower Division Assistant-*cum*-Typist, Plain Paper Copier, Duplicating Machine Operator, Daftary, Despatch Rider and M. L. S. S. (Ministries. Divisions and Attached Departments) Recruitment Rules, 1985 অনুযায়ী। | | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১১ | সুইপার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | ৮ম শ্রেণী পাশ। পেশাদার সুইপার শ্রেণীর প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

মুহম্মদ আহসান আলী সরকার
ভারপ্রাপ্ত সচিব।

মুহাম্মদ রবিউল ইসলাম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত
মোঃ সিকান্দার আলী মন্ডল, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।